

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

প্রস্তাবনা

তারিখ : .....ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ/..... আগষ্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং .....- আইন/২০২২। - স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ৫৯ এর সহিত পঠিত ধারা ১২০(২) এ প্রদত্ত ক্ষমতাবলে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম

এই বিধিমালা চট্টগ্রাম সিটি কর্পোরেশন বিশেষ চুক্তি (Build, Own, Operate and Transfer - BOOT) বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাসমূহ।- বিষয় ও প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) 'Build, Own, Operate and Transfer' অর্থ বেসরকারী অর্থায়নে অবকাঠামো উন্নয়ন, নির্দিষ্ট মেয়াদের জন্য মালিকানাসহ পরিচালনা, রক্ষণাবেক্ষণ, ব্যবস্থাপনা এবং মেয়াদকাল সমাপ্তিতে মালিকানাসহ নির্মিত অবকাঠামো কর্পোরেশনের নিকট হস্তান্তর অথবা বেসরকারি অর্থায়নে কর্পোরেশনের জমিতে বিভিন্ন স্থাপনা নির্মাণ এবং উক্ত স্থাপনায় নির্মিত দোকান, ফ্ল্যাট, ফ্লোর স্পেস, পার্কিং ইত্যাদির মালিকানা কর্পোরেশন এবং বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক ভাগাভাগি করে উহাতে ভোগ দখল অথবা ওয় পক্ষকে ভাড়া কিংবা ইজারা প্রদান অথবা অন্যকোনভাবে হস্তান্তর যাহা সংক্ষেপে BOOT বলে অভিহিত হইবে।

(খ) 'চুক্তি' অর্থ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মালিকানাধীন জমিতে কোন স্থাপনা নির্মাণ অথবা কর্পোরেশনের আওতাধীন এলাকায় অবস্থিত ফ্লাইওভার, আন্ডারপাস, বাইপাস, ফুট ওভারব্রীজ এবং সড়ক অবকাঠামো উন্নয়নের জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও বেসরকারী প্রতিষ্ঠানের মধ্যে BOOT পদ্ধতিতে সম্পাদিতব্য চুক্তি;

(গ) 'উন্নয়ন' অর্থ বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক ডিজাইন, স্পেসিফিকেশন, নির্মাণ ও আবশ্যিক কার্যাদি সম্পাদনসহ অবকাঠামো উন্নয়ন বা স্থাপনা নির্মাণ ;

(ঘ) 'প্রকল্প' অর্থ চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক BOOT পদ্ধতিতে মহানগরীর অবকাঠামো উন্নয়ন প্রকল্প;

(ঙ) 'দরপত্র কমিটি' অর্থ প্রাপ্ত দরপত্র উন্মুক্তকরণ এবং মূল্যায়নের নিমিত্তে এই বিধিমালার বিধি ১০ এর অধীনে গঠিত দরপত্র উন্মুক্তকরণ কমিটি এবং দরপত্র মূল্যায়ন কমিটি;

(চ) 'কর্পোরেশন' অর্থ চট্টগ্রাম সিটি কর্পোরেশন;

(ছ) 'বেসরকারী প্রতিষ্ঠান' অর্থ কোন ব্যক্তি বা অংশীদারী ব্যবসা প্রতিষ্ঠান বা আইনের অধীন প্রতিষ্ঠিত বা নিবন্ধনকৃত কোন কোম্পানী অথবা যৌথ, দেশী বা বিদেশী বাণিজ্যিক কোম্পানী।

৩। বেসরকারি প্রতিষ্ঠানের অর্থায়নে অবকাঠামোগত উন্নয়ন বা স্থাপনা নির্মাণ;

(১) কর্পোরেশন BOOT পদ্ধতিতে বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে কর্পোরেশনের আওতাধীন রাস্তা বা সড়কে অবকাঠামোগত উন্নয়ন এবং কর্পোরেশনের মালিকানাধীন ভূমিতে বাণিজ্যিক বা আবাসিক অথবা বাণিজ্যিক কাম আবাসিক ভবন নির্মাণ করিতে পারিবে।

(২) কর্পোরেশনের জন্য আর্থিকভাবে লাভজনক বা জনস্বার্থে প্রয়োজনীয় প্রতীয়মান হইলে কর্পোরেশন সময়ে সময়ে এরূপ যৌথ অংশীদারিত্বমূলক প্রকল্প গ্রহণ করিতে পারিবে।

(৩) বেসরকারি প্রতিষ্ঠানের সাথে যৌথ অংশীদারিত্বমূলক প্রকল্পে কর্পোরেশন জমি দিবে এবং বেসকারি প্রতিষ্ঠান অর্থ বিনিয়োগ করে চুক্তির আওতায় যৌথ অংশীদারিত্বের মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করিবে।

৪। অবকাঠামোগত উন্নয়ন বা বহুতল বিশিষ্ট স্থাপনা নির্মাণের ক্ষেত্রেসমূহঃ

কর্পোরেশন BOOT পদ্ধতিতে অত্র বিধিমালার আওতায় নিম্নবর্ণিত অবকাঠামো বা স্থাপনার উন্নয়ন ও নির্মাণ করিতে পারিবে;

অবকাঠামোগত উন্নয়নের ক্ষেত্রে -

- (১) ফ্লাইওভার;
- (২) আন্ডারপাস;
- (৩) বাইপাস;
- (৪) বিশেষভাবে প্রয়োজনীয় কোন সড়ক;

স্থাপনা নির্মাণের ক্ষেত্রে-

- (১) বহুতল বিশিষ্ট মার্কেট বা কর্মসিয়ারাল কমপ্লেক্স;
- (২) আবাসিক ভবন;
- (৩) আবাসিক কাম বাণিজ্যিক ভবন;
- (৪) পে-পার্কিং বা বহুতলবিশিষ্ট কার পার্কিং;
- (৫) কমিউনিটি সেন্টার বা মাল্টি-পারপাস কমিউনিটি হল;
- (৬) নার্সিং ইন্সটিটিউট, হাসপাতাল, মেডিকেল কলেজ ইত্যাদি;
- (৭) পার্ক, শিশু পার্ক, সাফারি পার্ক, বিনোদন কেন্দ্র, নভোখিয়েটার ইত্যাদি;

৫। যৌথ অংশীদারিত্বের ভিত্তিতে অবকাঠামোগত উন্নয়ন বা স্থাপনা নির্মাণের ক্ষেত্রে শর্তাবলী নির্ধারণঃ

যৌথ অংশীদারিত্বের ভিত্তিতে অবকাঠামোগত উন্নয়ন বা স্থাপনা নির্মাণের ক্ষেত্রে কর্পোরেশন নিম্ন বর্ণিত শর্তাবলী নির্ধারণ করিতে পারিবেঃ

(ক) অবকাঠামো নির্মাণ বা অবকাঠামোর উন্নয়নের ক্ষেত্রে, কর্পোরেশন, নির্দিষ্ট মেয়াদের জন্য নির্ধারিত হারে টোল ও ফি আদায়সহ উহার ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষাবেক্ষনের দায়িত্ব নির্মাণকারী বে-সরকারি প্রতিষ্ঠানের উপর ইজারা বা চুক্তি মূলে নির্দিষ্ট সময়ের জন্য ন্যস্ত করিতে পারিবে।

(খ) বাণিজ্যিক স্থাপনা নির্মাণের ক্ষেত্রে, কর্পোরেশন, প্রকল্পের গুরুত্ব, জমির মূল্য, নির্মাণ খরচ ও বিদ্যমান পরিস্থিতি বিবেচনায় বেসরকারি প্রতিষ্ঠান থেকে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ নিরাপত্তা জামানত হিসেবে গ্রহণ করিতে পারিবে। কর্পোরেশন, উক্ত নিরাপত্তা জামানতের অর্থ প্রকল্পের কাজ সমাপ্ত হলে কিংবা চুক্তি অনুসারে কর্পোরেশনের অংশ হস্তান্তরের পর সংশ্লিষ্ট বেসকারি প্রতিষ্ঠানকে ফেরত প্রদান করিবে। ইহা ছাড়াও কর্পোরেশন প্রকল্পের আর্থিক মূল্য বা সম্ভাবনা কিংবা বাণিজ্যিক গুরুত্ব বিবেচনায় সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠান থেকে উপযুক্ত পরিমাণে অফেরতযোগ্য অগ্রিমও গ্রহণ করিতে পারিবে।

(গ) কর্পোরেশন, জমির মূল্য, নির্মাণ খরচ, বাণিজ্যিক সম্ভাবনা ও অন্যান্য প্রাসঙ্গিক অবস্থা বিবেচনায় নিয়ে নির্মিতব্য বাণিজ্যিক বা আবাসিক অথবা বাণিজ্যিক কাম আবাসিক স্থাপনা, যেমন বহুতল বিশিষ্ট আবাসিক ভবন, মার্কেট বা কমার্সিয়াল কমপ্লেক্স অথবা অন্যান্য স্থাপনা নির্মাণের ক্ষেত্রে বেসরকারি প্রতিষ্ঠানের সহিত দোকান, ফ্ল্যাট, ফ্লোর স্পেস ও পার্কিং ইত্যাদির মালিকানার নির্ধারিত অংশে (অবিভক্ত ও অচিহ্নিত জমির অংশসহ) ভাগ করে নিতে পারিবে।

(ঘ) কর্পোরেশন এবং বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক যৌথ অংশীদারিত্বের ভিত্তিতে বন্টন বা চুক্তিমূলে প্রাপ্ত দোকান, ফ্লোর স্পেস, পার্কিং ইত্যাদি উভয় পক্ষ স্বীয় সিদ্ধান্ত বলে ভোগ, ব্যবহার বা তৃতীয় পক্ষ বরাবর বরাদ্দ কিংবা হস্তান্তর করিতে পারিবে।

(ঙ) নির্মিতব্য বাণিজ্যিক বা আবাসিক অথবা বাণিজ্যিক কাম আবাসিক কিংবা অন্যান্য স্থাপনার অংশীদারিত্ব বা মালিকানার অংশ ভাগাভাগির ক্ষেত্রে কর্পোরেশনের অংশ ৪০% এর কম হতে পারবে না।

(চ) অবকাঠামো উন্নয়নের ক্ষেত্রে চুক্তিভুক্ত পক্ষগণের পারস্পরিক সম্মতির ভিত্তিতে উপ-বিধি (ক) এর অধীনে সম্মত মেয়াদকাল অতিক্রান্ত হইবার সাথে সাথে বেসরকারি প্রতিষ্ঠান টোল ও ফি আদায়ের অধিকার হারাইবে এবং এতদসংক্রান্ত ইজারার মেয়াদ শেষ হয়েছে মর্মে গণ্য হইবে।

৬। বেসরকারি প্রতিষ্ঠানের নিকট ক্ষমতা অর্পণ।- কর্পোরেশন, সরকারের পূর্বানুমোদনক্রমে BOOT পদ্ধতিতে চুক্তিভুক্ত অবকাঠামোগত উন্নয়ন বা স্থাপনা নির্মাণ, সরকারি বিভিন্ন প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ হইতে নকশা ও অন্যান্য বিষয়াদি অনুমোদনসহ চুক্তিমূলে প্রাপ্ত দোকান, ফ্লোর স্পেস, পার্কিং ইত্যাদি বরাদ্দ, বিক্রয় ও হস্তান্তরের নিমিত্তে সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানের অনুকূলে প্রয়োজনীয় আমমোক্তারনামা দলিল সম্পাদন ও রেজিস্ট্রি করিয়া দিতে পারিবে। তবে সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক ৩য় পক্ষ বরাবর চুক্তিমূলে প্রাপ্ত প্রতিটি দোকান, ফ্লোর স্পেস, পার্কিং ইত্যাদি বরাদ্দ, বিক্রয় ও হস্তান্তরের ক্ষেত্রে আবশ্যিকীয়ভাবে কর্পোরেশনের লিখিত অনুমতি গ্রহণ করিতে হইবে।

৭। প্রকল্প বাস্তবায়ন বা সমাপ্তির মেয়াদ।- (১) কর্পোরেশন বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট অবকাঠামোগত উন্নয়ন কিংবা স্থাপনা নির্মাণ সংক্রান্ত প্রতিটি প্রকল্প বাস্তবায়ন বা সমাপ্তির মেয়াদ নির্দিষ্ট করিয়া দিবে। সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠান প্রকল্প বাস্তবায়ন করিতে ব্যর্থ হলে কর্পোরেশন Grace Period হিসেবে উক্ত সময়সীমা ন্যূনতম ৬ মাস হইতে সর্বোচ্চ ১ বছর বর্ধিত করিতে পারিবে। কোনরকম যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে অনুরূপ মেয়াদের মধ্যে উক্ত প্রকল্প বাস্তবায়ন বা সমাপ্ত না হইলে সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠান উহার আর্থিক এবং অন্যান্য দায়-দায়িত্ব বহন করিবে।

(২) সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠান ইহার বিনিয়োগকৃত অর্থ কর্পোরেশনের সহিত চুক্তিবদ্ধ সময়ের মধ্যে আদায় করিতে ব্যর্থ হইলে উহার জন্য কর্পোরেশন কোনক্রমেই দায়ী হইবে না।

৮। দরপ্রস্তাব দাখিলকারী প্রতিষ্ঠানের যোগ্যতা।- (১) দরপ্রস্তাব দাখিলকারী প্রতিষ্ঠানকে রিয়েল এস্টেট সেক্টর বা বহুতল বিশিষ্ট বাণিজ্যিক ভবন নির্মাণে ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে অথবা ন্যূনতম ২ টি পাঁচ তলা বা তদুর্ধ্ব আবাসিক, বাণিজ্যিক অথবা আবাসিক-কাম-বাণিজ্যিক ভবন নির্মাণে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। তবে আবাসিক ভবন নির্মাণের ক্ষেত্রে রিয়েল এস্টেট এন্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব) এর সদস্যভুক্ত দর প্রস্তাব দাখিলকারী বেসরকারি প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দিতে হইবে।

(২) আবাসিক, বাণিজ্যিক বা অপরাপর স্থাপনা নির্মাণের নিমিত্তে প্রস্তাবিত জমিটির পরিমাণ ৫ কাঠা বা ৫ কাঠা অপেক্ষা কম হইলে সেক্ষেত্রে উপরোল্লিখিত উপ-বিধি (১) এ বর্ণিত শর্তাবলী প্রযোজ্য হইবে না। কর্পোরেশন, এরূপ ক্ষেত্রে স্বীয় ক্ষমতা বলে দর প্রস্তাব দাখিলকারী প্রতিষ্ঠানের ন্যূনতম যোগ্যতা নির্ধারণ করিতে পারিবে।

৯। দরপত্র আহ্বান সংক্রান্ত নিয়মাবলী।- (১) কর্পোরেশন এই বিধিমালার অধীনে BOOT পদ্ধতিতে অবকাঠামোগত উন্নয়ন বা স্থাপনা নির্মাণের উদ্দেশ্যে উপযুক্ত বেসরকারি প্রতিষ্ঠানের নিকট হতে দর প্রস্তাব আহ্বান করিবে।

(২) অবকাঠামোগত উন্নয়নের প্রস্তাব সম্বলিত দরপত্র আহ্বানের ক্ষেত্রে, কর্পোরেশন, ফ্লাইওভার, আন্ডারপাস, বাইপাস কিংবা সড়কের কিরূপ অবকাঠামোগত উন্নয়ন করতে আগ্রহী সে বিষয়ে দরপত্রে উহার কারিগরি দিকসহ স্পষ্ট ধারণাপত্র প্রদান করিবে।

(৩) স্থাপনা নির্মাণের প্রস্তাব সম্বলিত দরপত্র আহ্বানের ক্ষেত্রে, কর্পোরেশন উহার মালিকানাধীন জমির আয়তনসহ বিস্তারিত বিবরণ উল্লেখপূর্বক উহাতে কিরূপ স্থাপনা নির্মাণ করিতে আগ্রহী উহার কারিগরি দিক উল্লেখসহ একটি ধারণাপত্র প্রদান করিবে।

(৪) দরপত্রে প্রস্তাবিত অবকাঠামোগত উন্নয়ন বা স্থাপনা নির্মাণের মোট সময়কাল এবং এরূপ প্রকল্পের বিপরীতে বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক অফেরতযোগ্য অগ্রিম জমার পরিমাণ কিংবা এতদসংশ্লিষ্ট নিরাপত্তা জামানত, যেক্ষেত্রে যেটি প্রযোজ্য (ক্ষেত্র বিশেষে দুইটিই প্রযোজ্য হতে পারে) স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

(৫) অবকাঠামোগত উন্নয়নের প্রস্তাব সম্বলিত দরপত্র আহ্বানের ক্ষেত্রে, দরপত্রে অংশগ্রহণে ইচ্ছুক বেসরকারী প্রতিষ্ঠান অবকাঠামোগত উন্নয়ন বাবদ ফি বা টোল আদায়ের নিমিত্তে কত বৎসরের ইজারা বা মালিকানা ভোগ করতে আগ্রহী উহা দরপত্রে উল্লেখ করিতে হইবে। ইহা ছাড়া স্থাপনা নির্মাণের প্রস্তাব সম্বলিত দরপত্র আহ্বানের ক্ষেত্রে, দরপত্রে অংশগ্রহণে ইচ্ছুক বেসরকারী প্রতিষ্ঠান স্থাপনা নির্মাণ বাবদ দোকান, ফ্যাট, ফ্লোর স্পেস, পার্কিং ইত্যাদির কি পরিমাণ বা কত শতাংশ মালিকানা পেতে আগ্রহী দরপত্রে সে বিষয়ে স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

(৬) দরপত্র আহ্বানের নিমিত্তে গঠিত কমিটি পাবলিক প্রকিউরম্যান্ট আইনসহ প্রযোজ্য বিধিমালা অনুসারে BOOT পদ্ধতিতে অবকাঠামোগত উন্নয়ন বা স্থাপনা নির্মাণের লক্ষ্যে নির্ধারিত নিয়মে বহুল প্রচারিত দুইটি জাতীয় ও দুইটি স্থানীয় দৈনিক পত্রিকার মাধ্যমে উন্মুক্ত দরপত্র আহ্বান করিবে। প্রাপ্ত দরপ্রস্তাব সমূহ যাচাই-বাছাইপূর্বক মূল্যায়ন করতঃ উহার প্রতিবেদন লিপিবদ্ধ করে কমিটি অত্র বিধিমালা অনুসারে অন্য কোনভাবে অযোগ্য বিবেচিত না হলে প্রকল্প বাস্তবায়নের জন্য সর্বোচ্চ দরদাতার নাম সুপারিশ করিবে। কমিটি উহার প্রতিবেদনে নির্বাচিত দরদাতা প্রতিষ্ঠানের নাম, প্রস্তাবিত অবকাঠামোগত উন্নয়ন বা স্থাপনা নির্মাণের বিবরণ, ফেরতযোগ্য ও অফেরত যোগ্য (যে ক্ষেত্রে যেটি প্রযোজ্য) জামানতের পরিমাণ, নির্মাণের সময়কাল, নির্মিতব্য প্রকল্পে দোকান, ফ্যাট, ফ্লোর স্পেস, পার্কিং ইত্যাদির মালিকানায় সংশ্লিষ্ট বেসরকারী প্রতিষ্ঠান ও কর্পোরেশনের অংশ সুনির্দিষ্টভাবে উল্লেখ করিবে।

১০। দরপত্র কমিটি।- কর্পোরেশন বিধি ৯ এর অধীন দরপত্র পরিচালনার জন্য নিম্নরূপ দরপত্র উন্মুক্তকরণ কমিটি ও দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করিবে :

দরপত্র উন্মুক্তকরণ কমিটি

- (ক) কর্পোরেশনের প্রধান নিবাহী কর্মকর্তা, পদাধিকারবলে, যিনি কমিটির সভাপতিও হইবেন;
- (খ) কর্পোরেশনের সচিব;
- (গ) কর্পোরেশনের প্রধান প্রকৌশলী, যিনি ইহার সদস্য সচিবও হইবেন;
- (ঘ) কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা;
- (ঙ) কর্পোরেশনের আইন কর্মকর্তা;

দরপত্র মূল্যায়ন কমিটি

- (ক) কর্পোরেশনের প্রধান নিবাহী কর্মকর্তা, পদাধিকারবলে, যিনি কমিটির সভাপতিও হইবেন;
- (খ) কর্পোরেশনের সচিব;
- (গ) কর্পোরেশনের প্রধান প্রকৌশলী, যিনি ইহার সদস্য সচিবও হইবেন;
- (ঘ) কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা;
- (ঙ) কর্পোরেশনের আইন কর্মকর্তা;
- (চ) কর্পোরেশনের ভূ-সম্পত্তি কর্মকর্তা;
- (ছ) প্রকল্প সংশ্লিষ্ট এলাকায় কর্মরত কর্পোরেশনের নিবাহী প্রকৌশলী;
- (জ) প্রকল্প সংশ্লিষ্ট এলাকায় কর্মরত কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী;

১১। চুক্তি সম্পাদন।- (১) দরপত্র কমিটি কর্তৃক নির্বাচিত বেসরকারি প্রতিষ্ঠানের অনুকূলে অবকাঠামোগত উন্নয়ন বা স্থাপনা নির্মাণের কার্যাদেশ ইস্যুর অনধিক ৩০ দিনের মধ্যে কর্পোরেশন সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানের সহিত চুক্তিপত্র সম্পাদন করিবে। কর্পোরেশনের প্রতিটি চুক্তি প্রধান নিবাহী কর্মকর্তা অথবা মেয়র কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হইবে।

(২) অত্র বিধিমালার অধীনে সম্পাদিত প্রতিটি চুক্তিপত্রে নিম্নবর্ণিত শর্তাবলী সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে, যথাঃ-

- (ক) চুক্তির অধীনে বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিতব্য কাজের বিস্তারিত বিবরণ;
- (খ) নির্মাণ সামগ্রীসহ চুক্তিকৃত অবকাঠামো বা নির্মিতব্য স্থাপনার বিস্তারিত কারিগরি বর্ণনা;
- (গ) ফেরতযোগ্য বা অফেরতযোগ্য জামানতের পরিমাণ;
- (ঘ) নির্মাণের মোট সময়কাল (Grace Period সহ);
- (ঙ) নির্মিতব্য দোকান, ফ্ল্যাট, ফ্লোর স্পেস, পার্কিং ইত্যাদিতে পক্ষগণের জন্য নির্ধারিত মালিকানার পরিমাণ বা অংশের বিস্তারিত বিবরণ;
- (গ) চুক্তির অধীনে বেসরকারী প্রতিষ্ঠানের উপর অর্পিত দায়-দায়িত্বসমূহ;
- (ঘ) অবকাঠামোগত উন্নয়ন সংক্রান্ত চুক্তিপত্রের ক্ষেত্রে বেসরকারী প্রতিষ্ঠান যেভাবে ইহার বিনিয়োগকৃত অর্থ আদায় (reimburse) করিবে উহার বিস্তারিত বিবরণ এবং উক্ত অর্থ টোল ও ফি আদায়ের মাধ্যমে সংগ্রহ করা হইলে উক্ত টোল ও ফি এর হার কর্পোরেশন কর্তৃক নির্ধারিত হইবে; উক্ত টোল ও ফি আদায়ের সময়কাল, উহার নির্ধারিত হার এবং সম্মত মেয়াদ;
- (ঙ) বেসরকারি প্রতিষ্ঠান বরবার ইস্যুকৃত কার্যাদেশে উল্লেখিত অপরাপর শর্তাবলী ইত্যাদি;

১২। অবকাঠামোগত উন্নয়ন বা স্থাপনা নির্মাণের নিমিত্তে দখল হস্তান্তর।- কর্পোরেশন কার্যাদেশ প্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনের তারিখ হতে অনধিক ৪৫ দিনের মধ্যে স্থাপনা নির্মাণের জন্য নির্ধারিত জমির দখল দাপ্তরিক পত্র মারফত এবং সরেজমিনে সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানকে হস্তান্তর করিবে। ইহা ছাড়া সড়ক, ফ্লাইওভার, আন্ডারপাস, বাইপাস ইত্যাদিতে অবকাঠামো নির্মাণের জন্য বেসরকারি প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনের তারিখ হতে অনধিক ৯০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানকে উক্ত সড়ক, ফ্লাইওভার, আন্ডারপাস বা বাইপাসের নিয়ন্ত্রন বর্ণিত নিয়মে হস্তান্তর করিবে।

১৩। ইজারা মঞ্জুর।- কোন বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে অবকাঠামোগত উন্নয়নের ক্ষেত্রে, কর্পোরেশন, সংশ্লিষ্ট অবকাঠামো নির্ধারিত সময়ের জন্য একটি অপ্রত্যাহারযোগ্য ইজারার মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করিতে পারিবে। সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠান ইজারার মেয়াদকালীন সময়ের জন্য উক্ত ইজারা চুক্তি কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের নিকট দায়বদ্ধ রাখিতে পারিবে বা পূর্বসত্ত্ব সৃষ্টি করিতে পারিবে।

১৪। চুক্তি বাতিল ইত্যাদি।- (১) কার্যাদেশ প্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠান অত্র বিধিমালায় ৭ নং বিধি অনুসারে কর্পোরেশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে (Grace Period সহ) প্রকল্প বাস্তবায়ন করিতে ব্যর্থ হইলে কর্পোরেশন বিশেষ বিবেচনায় নির্ধারিত সময়সীমা বর্হিভূত অতিরিক্ত প্রতি দিনের জন্য ন্যূনতম ৫০০০/-টাকা হইতে সর্বোচ্চ ১০০০০/- টাকা পর্যন্ত জরিমানা আরোপ সাপেক্ষে প্রকল্প বাস্তবায়নের সময়সীমা আরো ৬ মাস বৃদ্ধি করিতে পারিবে।

(২) কার্যাদেশ প্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠান প্রকল্প বাস্তবায়নের জন্য নির্ধারিত সময়সীমা, তৎপরবর্তী Grace Period এবং সর্বশেষ জরিমানা আরোপিত অতিরিক্ত সময় অতিবাহিত হওয়া সত্ত্বেও প্রকল্পের কাজ শেষ করিতে ব্যর্থ হইলে কর্পোরেশন লিখিত নোটিশ দ্বারা উক্ত প্রতিষ্ঠানের সাথে হওয়া চুক্তিপত্র বাতিল করিতে পারিবে।

(৩) কর্পোরেশন, কোন বেসরকারি প্রতিষ্ঠানের সাথে হওয়া চুক্তি বাতিল করিলে চুক্তি বাতিলের অনধিক ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিরাপত্তা জামানত হতে পাওনাদি সমন্বয় করে প্রকল্পভুক্ত সাইটের কর্তৃত্ব গ্রহণ করবেন। কর্পোরেশন, স্বীয় বিবেচনায় প্রকল্পের অবশিষ্ট কাজ নিজস্ব তহবিল দ্বারা সম্পন্ন করিতে পরিবে অথবা পূর্বের নিয়মে দরপত্রের মাধ্যমে নতুন বেসরকারি প্রতিষ্ঠান নিযুক্তির মাধ্যমেও অবশিষ্ট কাজ সম্পন্ন করিতে পারিবে।

(৪) ইহাছাড়া কার্যাদেশ প্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠান দর প্রস্তাব দাখিলের সময় কোনরূপ মিথ্যা তথ্য প্রদান করিলে অথবা প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোন রকম অনিয়ম করিলে অথবা চুক্তি বর্হিভূত কোন কাজ করিলে কর্পোরেশন ৭ দিনের কারণ দর্শানোর নোটিশ প্রদানপূর্বক তাদের জমাকৃত নিরাপত্তা জামানতের সম্পূর্ণ অংশ অথবা অংশ বিশেষ বাজেয়াপ্ত করিতে পারিবে।

১৫। কতিপয় ব্যক্তি বা প্রতিষ্ঠানের সহিত চুক্তি নিষিদ্ধ।- (১) কর্পোরেশন, ইহার মেয়র, কোন কাউন্সিলর, কর্মকর্তা বা কর্মচারীর সহিত, বা উক্ত মেয়র, কাউন্সিলর, কর্মকর্তা বা কর্মচারীর কোন আত্মীয়ের সহিত, অথবা উক্ত মেয়র মেয়র, কাউন্সিলর, কর্মকর্তা বা কর্মচারীর মালিকানাধীন বা তাহার দ্বারা পরিচালিত বা ব্যবসায় জড়িত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সহিত, অনুরূপ কোন চুক্তিতে আবদ্ধ হইতে পারিবে না, বা কর্পোরেশনের পক্ষে এরূপ কোন চুক্তি সম্পাদন করা যাইবে না।

(২) উপ-বিধি (১) এ উল্লেখিত 'আত্মীয়' বলিতে সংশ্লিষ্ট ব্যক্তির স্বামী বা স্ত্রী, পুত্র বা কন্যা, মাতা-পিতা, ভাই-বোন, নাতি-নাতনি, শ্বশুর-শ্বাশুড়ী এবং একই পরিবারে বসবাসকারী কোন ব্যক্তি অথবা সংশ্লিষ্ট ব্যক্তির উপর নির্ভরশীল (Dependent) যে কাউকে বুঝাবে।

- ১৬। নির্মাণ কাজের সমাপ্তিতে প্রাপ্য অংশ হস্তান্তর।- কার্যাদেশ প্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠান অবকাঠামোগত উন্নয়ন বা স্থাপনা নির্মাণ কাজ শেষে চুক্তি মোতাবেক উন্নয়নকৃত অবকাঠামো বা নির্মিত স্থাপনায় কর্পোরেশনের অংশ কর্পোরেশনের নিকট সম্পূর্ণ প্রস্তুত অবস্থায় হস্তান্তর করিবে।
- ১৭। সরকারের পূর্বানুমোদন।- (১) কর্পোরেশন BOOT পদ্ধতিতে বেসরকারী প্রতিষ্ঠানের মাধ্যমে অবকাঠামো উন্নয়ন কিংবা স্থাপনা নির্মাণ সংক্রান্ত প্রতিটি চুক্তি সরকারের পূর্বানুমোদনক্রমে সম্পাদন করিবে।
- (২) উপ-বিধি (১) বর্ণিত পূর্বানুমোদন গ্রহণের উদ্দেশ্যে কর্পোরেশনের প্রস্তাবসহ বিস্তারিত বিবরণ এবং এতদসংশ্লিষ্ট সকল কাগজাদি সরকারের নিকট প্রেরণ করিতে হইবে।
- ১৮। নকশা বা ডিজাইন প্রস্তুত ও অনুমোদন।- কার্যাদেশ প্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠান, কর্পোরেশন পরামর্শ ও অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট প্রকল্পের নকশা প্রণয়ন করিবে। বেসরকারি প্রতিষ্ঠানকে উক্ত নকশা প্রণয়ন ও অনুমোদনকালে এতদসংক্রান্ত বিষয়ে প্রযোজ্য সকল আইন ও বিধি-বিধান অনুসরণ করিতে হইবে। সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানকে প্রযোজ্য ক্ষেত্রে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, পরিবেশ অধিদপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সসহ অন্যান্য সংস্থা বা কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে।
- ১৯। সম্পূরক চুক্তি।- অত্র বিধিমালার অধীনে কর্পোরেশনের সহিত বেসরকারি প্রতিষ্ঠানের চুক্তি সম্পাদনের পর যে কোন সময় বিশেষ কোন প্রয়োজনে পক্ষগণের সম্মতি সাপেক্ষে মূল চুক্তিপত্রের কোন শর্ত সংযোজন, বিয়োজন অথবা পরিবর্তন করে সম্পূরক চুক্তি সম্পাদন করা যাইবে।